

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৬


নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১০.৪২.০১৩.২৩ নথির বিষয়: মডস জোন-৬ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ১ লা নভেম্বর ২০২৩ হতে ৩১শে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আই পি ক্যামেরা ও SCADA সমূহের নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সার্ভিস সচল রাখার জন্য ইন্টারনেট বিল বা ব্রডব্যান্ড লাইন চার্জ প্রদান। (লট-৩)
নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৬ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ১ লা নভেম্বর ২০২৩ হতে ৩১শে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আই পি ক্যামেরা ও SCADA সমূহের নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সার্ভিস সচল রাখার জন্য ইন্টারনেট বিল বা ব্রডব্যান্ড লাইন চার্জ প্রদান। (লট-৩)

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/১২/২৩ ৩:০৬ অপরাহ্ন

ক্রমিক নং-০১ হতে ০৪ সদয় দেখা যেতে পারে। মডস জোন-৬ এর আওতাধীন DESWS প্রকল্পের অধীনে ঠিকাদারী প্রতিষ্ঠান PEPCO হতে ২৮ টি পানির পাম্প স্ক্যাডা সিস্টেম, আই পি ক্যামেরা স্থাপন, মের্সাস সাজেদা কোং হতে ১১ টি পানির পাম্প স্ক্যাডা সিস্টেম, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং হতে ২৮ টি, আয়েশা এন্টারপ্রাইজ হতে ৩৮টি পাম্প আই পি ক্যামেরা এবং আলফা সফট হতে ২০ টি পাম্প আই পি ক্যামেরা স্থাপন করা আছে। অত্র জোনের স্ক্যাডা মনিটরিং ও কন্ট্রোল রুম হতে SCADA অপারেশন এবং আই পি ক্যামেরা সূমহ মনিটর করা হচ্ছে। ঢাকা ওয়াসার সকল পাম্প অটোমেশনের আওতায় পরিচালনার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা রয়েছে। বর্তমানে স্ক্যাডা সিস্টেমে পরিচালিত পাম্প অপারেটর না থাকায় পাম্পের নিরাপত্তা ও স্ক্যাডা সিস্টেম পরিচালনায় সার্বক্ষণিক আই পি ক্যামেরা দ্বারা পর্যবেক্ষণ করা জরুরী প্রয়োজন। ইতিমধ্যে ১১৪টি পাম্পের আই পি ক্যামেরা, ১১টি পাম্প স্ক্যাডা সিস্টেম, ১টি ডেডিকেটেড সার্ভার পরিচালনায় ব্যবহৃত ইন্টারনেট ব্রডব্যান্ড লাইন দরকার। ইতিমধ্যে উল্লেখিত কাজের ইন্টারনেট ব্রডব্যান্ড লাইন চার্জ গত ৩১শে অক্টোবর/২০২৩ পর্যন্ত বিল প্রদান করা হয়েছে। অত্র জোন হতে পানির পাম্পের আই পি ক্যামেরার সার্ভিস সচল রাখার জন্য ইন্টারনেট বিল বা ব্রডব্যান্ড লাইন চার্জ প্রদান সংক্রান্ত কার্যক্রম ঢাকা ওয়াসার এমআইএস বিভাগ হতে পরিচালনার প্রস্তাব করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে। উল্লেখ্য যে, বর্তমানে মডস জোন-৬ এর ১২০ টি পাম্প কম্পাউন্ডের মধ্যে ১১৪ টি পাম্প কম্পাউন্ডে আই পি ক্যামেরা অত্র জোন হতে এবং বাকী ৬ টি পাম্প কম্পাউন্ডে আই পি ক্যামেরা ঠিকাদার দ্বারা ইন্টারনেট চালু আছে। সেই মোতাবেক নভেম্বর/২০২৩ থেকে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ২ (দুই) মাস ইন্টারনেট বিল প্রদানের জন্য একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:- ৩,৮৯,২০০.০০ (তিন লক্ষ উনানব্বই হাজার দুইশত) টাকা মাত্র। অত্র কাজটি জনস্বার্থে অতি জরুরী ও প্রয়োজনীয় বিবেচনায় পিপিআর ২০০৮ এর ৭৬/১(ট) বিধি মোতাবেক সরাসরি চুক্তি পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে। আলোচ্য কাজটি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ইন্টারনেট সংযোগ ফ্রি খাত (কোড নং-০১-০২-০১৪) ক্রমিক নং-১৯, প্যাকেজ নং-W-10 তে অন্তর্ভুক্ত আছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/১২/২৩ ৩:১০ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-৬ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ১ লা নভেম্বর, ২০২৩ হতে ৩১শে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত আই পি ক্যামেরা ও SCADA সমূহের নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সার্ভিস সচল রাখার জন্য ইন্টারনেট বিল বা ব্রডব্যান্ড লাইন চার্জ প্রদান কাজটি করার খরচ বাবদ সর্বমোট টা:- ৩,৮৯,২০০.০০ (তিন লক্ষ উনানব্বই হাজার দুইশত) টাকা মাত্র পিপিআর ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি মোতাবেক ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি পদ্ধতি (ডিপিএম) এ SHINYGLEAM SOFTWARE এর মাধ্যমে সম্পন্ন করানোর সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। উল্লেখ্য আলোচ্য কাজটির অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
৭/১২/২৩ ৩:১১ অপরাহ্ন মোঃ আতিকুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৬	৭/১২/২৩ ৬:৪৮ অপরাহ্ন মোক্তা খানম সহকারী প্রকৌশলী মডস জোন-৬	৯/১২/২৩ ১০:৩৯ পূর্বাহ্ন মোঃ এমরানুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৬	৯/১২/২৩ ১০:৩৯ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান, হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। এমআইএস বিভাগে প্রস্তাবের নোটশীট কপি।
- ৩। পূর্বানুমোদনের কপি।
- ৪। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৯/১২/২৩ ১১:১০ পূর্বাহ্ন

অনুমোদিত

৯/১২/২৩ ১১:১০ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৯/১২/২৩ ৮:১০ অপরাহ্ন
মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৬

১০/১২/২৩ ১০:৩৩ পূর্বাহ্ন
মোক্তা খানম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৬

১০/১২/২৩ ১০:৩৩ পূর্বাহ্ন
মোঃ আতিকুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৬